



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা  
[www.dhakaeducationboard.gov.bd](http://www.dhakaeducationboard.gov.bd)

তারিখ: ২৯/০৯/২০২৪

স্মারক নং- ২১৩/ক/স্বী:/৮৬/অংশ-২/ ২৬

বিষয় : ঢাকা মহানগরীর কোতয়ালী থানাধীন “ আহমেদ বাওয়ানী একাডেমি স্কুল এন্ড কলেজ ” এর গভর্নিং বডি-র অভিভাবক সদস্য জনাব মৌসুমী বেগমের বিরুদ্ধে আনীত অভিযোগের পুনঃতদন্ত প্রসঙ্গে।

সূত্র: ১. জনাব মৌসুমী বেগম, অভিভাবক সদস্য (মাধ্যমিক স্তর), গভর্নিং বডি- এর ২১/০৮/২০২৪ তারিখের আবেদন।

২. মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর স্মারক নং- ২১৩/ক/স্বী:/৮৬(অংশ-২/৬০, তারিখ: ০৫/১০/২০২৩)।

৩. মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর স্মারক নং-৪৩/ক/স্বী:/৮৪(অংশ-৩)/১২৩২, তারিখ: ২৮/০৮/২০২৪।

৪. মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর ২২/০৯/২০২৪ তারিখের তদন্ত প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা মহানগরীর কোতয়ালী থানাধীন “ আহমেদ বাওয়ানী একাডেমি স্কুল এন্ড কলেজ ” এর অভিভাবক সদস্য (মাধ্যমিক স্তর) জনাব মৌসুমী বেগম এর বিরুদ্ধে উপস্থাপিত অভিযোগের প্রেক্ষিতে গঠিত তদন্ত কমিটির সুপারিশ মোতাবেক (০১) অধ্যক্ষ জনাব মো: মোশারফ হোসেন কর্তৃক দাখিলকৃত মামলা নং- ১৩১/২০২০ বিজ্ঞ সাইবার ট্রাইব্যুনাল, ঢাকা কর্তৃক খারিজ হওয়ায় জনাব মৌসুমী বেগম এর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ হতে অব্যাহতি প্রদান করা যায় এবং তাঁর অভিভাবক সদস্যপদ বহাল রাখা যায়। (০২) দাখিলকৃত প্রতিবেদনের মন্তব্য/সুপারিশে যাহা কিছুই থাকুকনা কেন প্রযোজ্য ক্ষেত্রে আদালত কর্তৃক প্রদত্ত আদেশ/নির্দেশনাই চূড়ান্ত বলে গণ্য হবে।

এমতাবস্থায় বর্ণিত সুপারিশের আলোকে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যানের আদেশক্রমে

  
প্রফেসর মো: রিজাউল হক

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন : ৫৮৬১২৪৭৬

ইমেইল: [ic@dhakaeducationboard.gov.bd](mailto:ic@dhakaeducationboard.gov.bd)

সভাপতি

“ আহমেদ বাওয়ানী একাডেমি স্কুল এন্ড কলেজ

ইআইআইএন: ১০৮১৩৯, কোতয়ালী, ঢাকা

মেমো নং-

তারিখ: ২৯/০৯/২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
- ২। জেলা প্রশাসক, ঢাকা।
- ৩। জেলা শিক্ষা অফিসার, ঢাকা।
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৫। পি এস টু চেয়ারম্যান,
- ৬। প্রধান শিক্ষক, আহমেদ বাওয়ানী একাডেমি স্কুল এন্ড কলেজ, কোতয়ালী, ঢাকা।
- ৭। অফিস কপি।

  
কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা

